

কম্পিউটার স্টেটওয়ার্ক ইউনিট
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
১৯ APR ২০১৬
০৩০৮০৫২০১৬ তারিখঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
পুনিয়াউট বাইপাস মোড়, ব্রাহ্মণবাড়িয়া।
http://food.brahmanbaria.gov.bd
www.dgfood.gov.bd

কম্পিউটার স্টেটওয়ার্ক ইউনিট
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
ডায়েরি নং: ২০৪ তারিখঃ
১৯ APR ২০১৬
প্রোগ্রামার
সহকারী প্রোগ্রামার
তারিখঃ: ০৩/৪/১৬

স্মারক নং- ১৩.০৩.১২০০.০০৭.৩৯.০০১.১৪- ২১০

-ঃ উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি ঃ-

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অকেজো/ব্যবহার অযোগ্য দ্রব্যাদি নিষ্পত্তি সংক্রান্ত গঠিত দরপত্র কমিটির অধীনে ব্রাহ্মণবাড়িয়া জেলার ১০ (দশ) টি এলএসডিতে রক্ষিত লোহার পাত, হেসিয়ান, ত্রিপল, জিপিসীট, স্প্রে মেশিন ইত্যাদি অকেজো/ব্যবহার অযোগ্য দ্রব্যাদি যেখানে যে অবস্থায় আছে সেখানে সে অবস্থায় দরপত্রের মাধ্যমে বিক্রয়ের জন্য সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র আগামী ০৪/০৫/২০১৬ খ্রিঃ তারিখ সকাল ৯.০০ থেকে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া এবং আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম দপ্তরে গৃহিত হবে এবং ঐদিনই বিকাল ৪.০০ ঘটিকায় দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র কমিটির মাধ্যমে দরপত্র খোলা হবে। দরপত্রের সর্বমোট উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) আর্নেস্ট মানি যে কোন সিডিউল ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর অনুকূলে জমা করতে হবে। আর্নেস্ট মানি ব্যতিত কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

- ১। কাজের নাম ঃ- ব্রাহ্মণবাড়িয়া জেলায় ১০ (দশ) টি এলএসডিতে রক্ষিত অকেজো/ ব্যবহার অযোগ্য দ্রব্যাদি (লোহার পাত, হেসিয়ান, ত্রিপল, জিপিসীট, স্প্রে মেশিন ও অন্যান্য) দরপত্রের মাধ্যমে বিক্রয়।
- ২। ব্রাহ্মণবাড়িয়া জেলার ১০ টি এলএসডিতে রক্ষিত অকেজো/ব্যবহার অযোগ্য দ্রব্যাদির দরপত্র ক্রয়পূর্বক লটভিত্তিক দরপত্র দাখিল করতে হবে। আত্মহী ব্যক্তি বা প্রতিষ্ঠান এক বা একাধিক লটের পণ্যের জন্য দরপত্র দাখিল করতে পারবেন। তবে কোন লটের আংশিক দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৩। বায়নার টাকা/আর্নেস্ট মানি ঃ- দরপত্রে উদ্ধৃত মোট মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) যা বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। দরপত্র গ্রহণের পর কমিটির চূড়ান্ত সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত ১ম ও ২য় সর্বোচ্চ দরদাতার আর্নেস্ট মানির টাকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা থাকবে।
- ৪। অপসারণের সময়সীমা ঃ কার্যাদেশ প্রদানের তারিখ হতে ১৫ (পনের) দিন।
- ৫। দরদাতার যোগ্যতা ঃ খাদ্য অধিদপ্তরের ও অন্যান্য সরকারী / বেসরকারী/আধা-সরকারী স্বায়ত্তশাসিত সংস্থার তালিকাভুক্ত সকল শ্রেণীর ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠান ফার্ম/ব্যবসায়ী ও আত্মহী ব্যক্তিবর্গ।
- ৬। দরপত্র শিডিউল সংগ্রহের নিয়মাবলী ঃ দরপত্র শিডিউল ক্রয়ের জন্য প্রতি সেট শিডিউলের মূল্য ২০০/- টাকা হিসেবে জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া এবং আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম দপ্তর হতে কোড নং-১/৪৮৩১/০০০১/২৩৬৬ খাতে ট্রেজারী চালান পাশ করে চালান মূলে সোনালী ব্যাংক/ বাংলাদেশ ব্যাংকে টাকা জমাদানপূর্বক আগামী ০৩/০৫/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট দপ্তর হতে অফিস চলাকালীন সময়ে দরপত্র সংগ্রহ করা যাবে।
- ৭। দরপত্র শিডিউল বিক্রয়ের শেষ তারিখ ঃ ০৩/০৫/২০১৬ খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত।
- ৮। দরপত্র গ্রহণের তারিখ ও সময় ঃ ০৪/০৫/২০১৬ খ্রিঃ তারিখ সকাল ৯.০০ থেকে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত।
- ৯। দরপত্র খোলার তারিখ ও সময় ঃ ০৪/০৫/২০১৬ খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায়।
- ১০। দরপত্র শিডিউল ক্রয়ের চালানের কটেকসপি সত্যায়িত করে দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ১১। দরপত্র বিক্রয় ও গ্রহণকারী অফিস সমূহ হতে ০৩/০৫/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে দরপত্রের শর্তাবলী দেখতে ও নির্ধারিত মূল্যে দরপত্র শিডিউল ক্রয় করতে পারবেন।
- ১২। দরপত্রে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিবর্গ আগামী ০৩/০৫/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে বিক্রয়যোগ্য মালামাল যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় দেখতে পারবেন।
- ১৩। দরপত্র কমিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

-ঃ বিশেষ শর্তাবলী ঃ-

- ১। ক্রেতা যে সমস্ত লটের পণ্য ক্রয় করতে ইচ্ছুক সে লটের সকল পণ্যের পণ্য ভিত্তিক দর ও মোট মূল্য অংকে ও কথায় লিখে দরপত্র দাখিল করতে হবে। কোন লটের আংশিক দর/মূল্য গ্রহণযোগ্য হবে না।

(চলমান পাতা-২)

